উপজেলা পরিষদ
সখিপুর, টাঙ্গাইল
উপজেলা পরিষদের জুলাই/২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জুলফিকার হায়দার কামাল
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সখিপুর, টাঙ্গাইল

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভার তারিখ ও সময় ঃ ১৪-০৭-২০২২ দুপুর ১২.০০ টা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট -'' ক '' (হাজিরা রেজিস্টারে সংরক্ষিত) ।

সভার শুরুতে সভাপতি উপজেলা পরিষদের উপস্থিত সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইলকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কিনা তা সভায় উপস্থাপনের জন্য সকলকে আহবান জানান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রয়োজনীয় ব্যয় সংক্রান্ত আলোচনা করা হয়।

উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়সমূহ ঃ

০১। উপজেলা পরিষদের চেয়ারম্যান, ০২ জন ভাইস চেয়ারম্যান এর জুলাই/২০২২ মাসের সম্মানী ভাতা = ৯৪,০০০/-
০২। উপজেলা পরিষদের চেয়ারম্যান, ০২ জন ভাইস চেয়ারম্যান এর জুলাই/২০২২ মাসের ভ্রমণ ভাতা = ২০,০০০/-
০৩। উপজেলা পরিষদের মাস্টাররোল ০২ জন কর্মচারীর জুলাই/২০২২ মাসের দৈনিক মজুরী ভাতা = ৩৩,০০০/-
০৪। উপজেলা পরিষদের জুলাই/২০২২ মাসের সভার ও মাসিক আপ্যায়ন ব্যয় মাসিক ৩০,০০০/-টাকা হিসাবে = ৩০,০০০/-
০৫। উপজেলা পরিষদের জুলাই/২০২২ মাসের অফিস সামগ্রী ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয় মাসিক ৫,০০০/- টাকা হিসাবে = ৫০০০/-
০৬। উপজেলা পরিষদের ১৭ টি স্ট্যান্ডিং কমিটির জুলাই/২০২২ মাসের সভায় আপ্যায়ন ব্যয় মাসিক ৮০০০/-টাকা হিসাবে = ৮,০০০/-
০৭। উপজেলা পরিষদের জুন/২০২২ মাসের ইন্টারনেট বিল মাসিক ৩,৫০০/- টাকা হিসাবে = ৩,৫০০/-

সিদ্ধান্ত -০১ ঃ বিস্তারিত আলোচনা শেষে বকেয়া আনুষাঙ্গিক বিলসহ উপরিউক্ত ব্যয়সমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ভাউচার/মাষ্টাররোল ও বিলের মাধ্যমে পরিশোধ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচি- ০২ ঃ বিভাগীয় আলোচনা ঃ

| ক্র. নং. | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে ঈদ পরবর্তী শুভেচ্ছা জানান। ভিটামিন A+ ক্যাপসুল প্রদান কার্যক্রম ৯৯.৯% সুসম্পন্ন হয়েছে। আগামী ১৬/০৭/২০২২ খ্রি. তারিখ হতে পর্যায়ক্রমে তিনটি ইউনিয়নে বুস্টার ডোজ টিকা প্রদান কার্যক্রম শুরু করা হবে। এজন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। হসপিটালে প্রায় ৫০ প্রজাতির ঔষধি গাছ রোপন করা হয়েছে এবং ভবিষ্যতে আরো বৃক্ষরোপন করে হাসপাতালে রোগীদের জন্য মনোরম পরিবেশ তৈরী করা হবে মর্মে জানান। স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচীর আওতায় হতদরিদ্র পরিবারের সদস্যদের ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত চিকিৎসা সেবা প্রদান করা হবে। এ সংক্রান্ত ১৪৪৭২টি কার্ড বিতরণ করা হবে। স্বাস্থ্য সুরক্ষার আওতায় আনা হবে দরিদ্র জনগণকে। ফলে সখিপুরের স্বাস্থ্যসেবা আরো বেগবান হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া তিনি আরো জানান যে, তামাকজাত দ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০০৫ অনুযায়ী উপজেলা পর্যায়ে টাস্কফোর্স কমিটি | বিস্তারিত আলোচনান্তে, স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচীর আওতায় হতদরিদ্র পরিবারকে ১৪৪৭২টি কার্ড বিতরণের লক্ষ্যে স্বচ্ছ তালিকা করার জন্য ইউপি চেয়ারম্যানগণের (সকল) সাথে সমন্বয় করা হবে মর্মে উপজেলা পরিষদ কর্তৃক সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যান (সকল) । |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রয়েছে। তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ করা এবং ব্যবহার হ্রাস করাই মূল উদ্দেশ্য। | | |
| ০২. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখা। | উপজেলা কৃষি কর্মকর্তা, সখিপুর |
| ০৩. | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখা। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা |
| ০৪. | প্রকৌশল বিভাগ | ক) উপজেলা পরিষদের হলরুমে সারাবছর ব্যাপী সরকারী-বেসরকারী নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়ে থাকে কিন্তু এতে কোন আধুনিক সুযোগ-সুবিধা নেই যা অনেক উপজেলায় খুব সুন্দরভাবে সজ্জিত। উপজেলা পরিষদ হলরুম আধুনিকায়ন সংক্রান্ত সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>খ) সখিপুর-ইন্দারজানী সড়কের বিভিন্ন চেইনেজে বেটস ফিলিংকরণ প্রয়োজন। যা সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>গ) আনসার ব্যারাক এর পাইপ ড্রেন ও ওয়াটার ট্যাংক পাইপ উন্নয়নকরণ প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ হলরুম আধুনিকায়নের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলকে অতিসত্ত্বর প্রাক্কলন প্রস্তুত করার জন্য বলা হলো এবং এ ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। ব্যয়ের অনুমোদনের জন্য উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীসহ স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>খ) বিস্তারিত আলোচনান্তে, সখিপুর-ইন্দারজানী সড়কের বিভিন্ন চেইনেজে বেটস ফিলিংকরণ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ২,০০,০০০/- ( দুই লক্ষ) টাকায় পিআইসি'র মাধ্যমে বাস্তবায়ন করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>গ) বিস্তারিত আলোচনান্তে, আনসার ব্যারাক এর পাইপ ও ড্রেন ও ওয়াটার ট্যাংক পাইপ উন্নয়নের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা পিআইসি'র, মাধ্যমে ব্যয় করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী |
| ০৫. | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগামী ২৩ জুলাই হতে ২৯ জুলাই পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন করা হবে। ২৩ জুলাই মাননীয় সংসদ সদস্যের উপস্থিতিতে উদ্বোধন করা হবে। বর্ণাঢ্য র‍্যালী অনুষ্ঠিত হবে। উক্ত র‍্যালী সকলের অংশগ্রহণ কামনা করেন। এছাড়া জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয়ের সাথে সমন্বয় করে আগামী ২৫ জুলাই ২০২২ খ্রি. তারিখ অবৈধ চায়না দিয়ারী জালের বিরুদ্ধে অভিযান চালানো হবে। এছাড়া তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে | বিস্তারিত আলোচনান্তে, আগামী ২৩ জুলাই হতে ২৯ জুলাই পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ সুষ্ঠুভাবে উদযাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, সখিপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| ০৬. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখা। | প্রাথমিক শিক্ষা অফিসার |
| ০৭. | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বর্তমানে করোনার ৩য় ঢেউ শুরু হওয়ায় শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। তিনি আরো জানান সখিপুর উপজেলায় ১১টি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হয়েছে। ভবিষ্যতে আরো শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৮. | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বিভিন্ন ভাতাভোগী G2P এর মাধ্যমে সরাসরি টাকা পাচ্ছে। যদি কোন ভাতাভোগী মারা যান তাহলে তার কার্ড অতিদ্রুত সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার ভাতা বই সংগ্রহ করে উপজেলা সমাজসেবা অফিসার বরাবর জমা প্রদানের জন্য অনুরোধ জানান। অন্যথায় তার বরাবর টাকা ব্যাংকে জমা হতেই থাকবে কিন্তু তিনি বা তার পরিবার কখনোই তা তুলতে পারবেন না। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, কোন ভাতাভোগী যদি মারা যান তাহলে তার কার্ড সাথেসাথে সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার ভাতা বই সংগ্রহ করে উপজেলা সমাজসেবা অফিসার বরাবর জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ০৯. | বিদ্যুৎ ও পল্লী উন্নয়ন বোর্ড | নির্বাহী প্রকৌশলী (বিউবো) এর প্রতিনিধি জনাব সাইফুল ইসলাম সভায় জানান যে, বিদ্যুৎ বিভাগে বেশ কিছুদিন যাবত লোডশেডিং চলমান রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরেও লোডশেডিং এর চার্ট তৈরী করা হয়েছে। প্রতি ৭ ঘণ্টা পর পর ১ ঘণ্টা লোডশেডিং হবে। সখিপুর ৩৩ কেবি বিদ্যুতের চাহিদা রয়েছে। যে সকল গ্রাহক প্রি-পেইড মিটার চালায় তাদের কার্ড রিচার্জ করতে নেটওয়ার্কের কারণে সাময়িক অসুবিধা হচ্ছিল যা পরবর্তীতে সমাধান করা হয়েছে। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, নির্বাহী প্রকৌশলী (বিউবো) লোডশিডিং এর চার্ট সকলকে জানানোর এবং দৃশ্যমান জায়গায় টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী (বিউবো) |
| ১০. | উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখা। | সহকারী প্রোগ্রামার |
| ১১. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রয়েছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখা। | উপজেলা সমবায় কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কামনা করেন। | | |
| ১২. | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, আগামী ৩০ জুলাই ২০২২ খ্রি. তারিখে বেগম রোকেয়া পদক প্রদান করা হবে। পাঁচটি ক্যাটাগরিতে এই পদক প্রদান করা হবে। সকল নিয়ম-কানুন মেনে বিধি-বিধানের আলোকে ৫ ক্যাটাগরিতে ৫ জনের নাম জেলায় হয়েছে। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা সভায় জানান যে, এই বছর সখিপুর উপজেলায় ১৭৪ মেট্রিক টন ধান সংগ্রহ করা হয়েছে। চাল সংগ্রহ করা হয়েছে ৬২০ মেট্রিক টনের মধ্যে ৪২০ মেট্রিক টন। তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, ধান এবং চাল সংগ্রহের এ ধারা অব্যাহত রাখাসহ সরকারী টার্গেট পূরণে পূর্ণ আন্তরিকতার সাথে কাজ করার অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৪. | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখা। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৫. | আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক | সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখা। | সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, সখিপুর |
| ১৬. | উপজেলা ফ্যাসিলিটেটর (জাইকা প্রজেক্ট) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (জাইকা প্রজেক্ট) সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখা। | উপজেলা ফ্যাসিলিটেটর (জাইকা প্রজেক্ট) |
| ১৭. | উপজেলা তথ্যসেবা বিভাগ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখা। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |
| ১৮. | চেয়ারম্যান ০১ নং কাকড়াজান | চেয়ারম্যান, কাকড়াজান ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখা। | চেয়ারম্যান কাকড়াজান, ইউ.পি |
| ১৯. | চেয়ারম্যান, ০২ বহেড়াতৈল ইউপি | চেয়ারম্যান, বহেড়াতৈল ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান বহেড়াতৈল, ইউ.পি |
| ২০. | চেয়ারম্যান, ০৩ নং গজারিয়া | চেয়ারম্যান, গজারিয়া ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত | চেয়ারম্যান গজারিয়া, |

| | | | | |
|---|---|---|---|---|
| | ইউপি | পরিচালিত হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | হলো। | ইউ,পি |
| ২১. | চেয়ারম্যান, ০৪ নং যাদবপুর ইউপি | চেয়ারম্যান, যাদবপুর ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান যাদবপুর, ইউ,পি |
| ২২. | চেয়ারম্যান, ০৬ নং কালিয়া ইউপি | চেয়ারম্যান, কালিয়া ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান কালিয়া, ইউ,পি |
| ২৩. | চেয়ারম্যান, ০৮ নং বড়হুরিয়া ইউপি | চেয়ারম্যান, বড়হুরিয়া ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান বড়হুরিয়া, ইউ,পি |
| ২৪. | ভাইস চেয়ারম্যান (পুরুষ) উপজেলা পরিষদ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি জানান যে, উপজেলা পরিষদ ক্যাম্পাসে কোন গাড়ী এবং মোটর সাইকেল রাখার গ্যারেজ নেই। তাই পরিষদের গাড়ীসহ উপজেলা নির্বাহী অফিসারের গাড়ী রোদ বৃষ্টিতে বাহিরে থাকে। এছাড়া বিভিন্ন দপ্তরের অফিসারদের ব্যবহৃত মোটর সাইকেল অরক্ষিত অবস্থায় বাহিরে থাকে যাতে চুরি হওয়ার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ ক্যাম্পাসে ১০টি মোটর সাইকেল ও ২টি গাড়ী রাখার একটি গ্যারেজ নির্মাণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত করবেন যা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের অনুমোদনের জন্য উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীসহ স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ২৫. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ২৬. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার, সভায় উপস্থিত সকলকে স্বাগত ও ধন্যবাদ জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী প্রতি অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের পর অবশিষ্ট অর্থের ১০% অর্থ সংরক্ষিত রেখে ৯০% অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তর করার বিধান রয়েছে। উক্ত নির্দেশনা অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে ১,৬১,৪৩,১১৭.৯৩ (এক কোটি একষট্টি লক্ষ তেতাল্লিশ হাজার একশত সতের টাকা তিরানব্বই পঁয়সা) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তর করা প্রয়োজন।<br>ক) উপজেলা পরিষদ কমপ্লেক্স এবং কোয়াটারের বর্জ্য ব্যবস্থাপনার জন্য ডাস্টবিন ক্রয়সহ আনুসাঙ্গিক ব্যবস্থাপনা | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে ১,৬১,৪৩,১১৭.৯৩ (এক কোটি একষট্টি লক্ষ তেতাল্লিশ হাজার একশত সতের টাকা তিরানব্বই পঁয়সা) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তর করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।<br>ক) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ কমপ্লেক্স এবং | চেয়রাম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা প্রয়োজন। যা সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ কমপ্লেক্স এবং কোয়ার্টারের বর্জ্য ব্যবস্থাপনার জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পিআইসি'র মাধ্যমে ব্যয় করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| | | খ) উপজেলা পাবলিক লাইব্রেরী এবং উপজেলা নির্বাচন অফিসের সামনে জলাবদ্ধতার কারণে চলাচলে সমস্যার সৃষ্টি হচ্ছে। জরুরীভিত্তিতে জলাবদ্ধতা নিরসণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। যা সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | খ) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পাবলিক লাইব্রেরী এবং উপজেলা নির্বাচন অফিসের সামনে জলাবদ্ধতার কারণে চলাচলে সমস্যার সৃষ্টি হচ্ছে। জরুরীভিত্তিতে জলাবদ্ধতা নিরসণে মাটি ভরাট এবং ইট সলিং করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা কোটেশনের মাধ্যমে ব্যয় করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| | | গ) উপজেলা পরিষদ সভাকক্ষের জন্য চেয়ার ক্রয় করা প্রয়োজন। যা সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | গ) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ সভাকক্ষের জন্য ৫০টি কুশন চেয়ার ক্রয় করার নিমিত্ত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আসবাবপত্র সংগ্রহ খাত হতে কোটেশনের মাধ্যমে ব্যয় করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| | | ঘ) উপজেলা পরিষদ পুকুরের চারপাশে এবং উপজেলা পরিষদের বিভিন্ন স্থানে বৈদ্যুতিক আলোর জন্য সোলার প্যানেল স্থাপন করা প্রয়োজন। যা সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ঘ) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ পুকুরের চারপাশে এবং উপজেলা পরিষদের বিভিন্ন স্থানে বৈদ্যুতিক আলোর জন্য সোলার প্যানেল স্থাপনের নিমিত্ত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন হতে কোটেশনের মাধ্যমে ব্যয় করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| | | ঙ) জনাব মোঃ সোলায়মান, উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সখিপুর, টাঙ্গাইল এর অফিস কার্য পরিচালনার জন্য ০২ (দুই) টি কক্ষ বরাদ্দ পাওয়ার জন্য আবেদন করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ঙ) বিস্তারিত আলোচনান্তে, জনাব মোঃ সোলায়মান, উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সখিপুর, টাঙ্গাইল এর আবেদনের প্রেক্ষিতে উপজেলা কোর্ট বিল্ডিং এর ০২ (দুই) টি কক্ষ বরাদ্দ প্রদান করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৭. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপজেলা পরিষদ চেয়ারম্যান, সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি জানান যে, জনাব মোঃ রুফিকুল ইসলাম, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর হিসেবে গত ০৫/০৪/২০১২ খ্রি. তারিখ উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল এ যোগদান করেছেন এবং জনাব মোঃ মঞ্জুর মিয়া, গাড়ীচালক হিসেবে উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল গত ২৮/০৬/২০১২ খ্রি. তারিখ যোগদান করেছেন। তাদের উভয়ের যোগদানের তারিখ হতে একই পদে ১০ (দশ) বছর পূর্ণ হওয়ায় গত ১২/০৭/২০২২ খ্রি. তারিখ উচ্চতর গ্রেড পাওয়ার জন্য আবেদন করেছেন। উক্ত আবেদনপত্র দুটি উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীসহ স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>ক) তিনি আরও জানান যে, তাঁর ব্যবহৃত গাড়ীর দুটি নতুন চাকা ক্রয় করা প্রয়োজন। যা সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, জনাব মোঃ রুফিকুল ইসলাম, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর হিসেবে গত ০৫/০৪/২০১২ খ্রি. তারিখ উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল এ যোগদান করেছেন এবং জনাব মোঃ মঞ্জুর মিয়া, গাড়ীচালক হিসেবে উপজেলা পরিষদ, নাগরপুর, টাঙ্গাইল গত ২৮/০৪/২০১২ খ্রি. তারিখ যোগদান করেছেন। তাদের উভয়ের যোগদানের তারিখ হতে একই পদে ১০ (দশ) বছর পূর্ণ হওয়ায় গত ১২/০৭/২০২২ খ্রি. তারিখ উচ্চতর গ্রেড পাওয়ার জন্য আবেদন করেছেন। উক্ত আবেদনপত্র দুটি উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীসহ স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।<br>ক) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ চেয়ারম্যানের ব্যবহৃত গাড়ীর দুটি নতুন চাকা ক্রয় করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করা হবে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪.৭.২২

(জুলফিকার হায়দার কামাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সখিপুর, টাঙ্গাইল।
তারিখ ঃ ১৪/০৭/২০২২ খ্রি.।

স্মারক নং- ০৫.৪১.৯৩৮৫.০০০.০৭.০১৯.২০-৬০৭ (৫০)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় জাতীয় সংসদ সদস্য-১৩৭ ( টাঙ্গাইল -৮, সখিপুর-বাসাইল নির্বাচনী এলাকা) ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, মনিটরিং ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
২। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, টাঙ্গাইল।
৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, টাঙ্গাইল।
৪। সিভিল সার্জন, টাঙ্গাইল।
৫। নির্বাহী প্রকৌশলী, (বিউবো), টাঙ্গাইল।
৬। মেয়র, সখিপুর পৌরসভা।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, সখিপুর, টাঙ্গাইল।
৮। উপজেলা ...............................কর্মকর্তা, সখিপুর, টাঙ্গাইল।
৯। চেয়ারম্যান, ...................... ..... ইউনিয়ন পরিষদ (সকল), সখিপুর, টাঙ্গাইল।
১০। অফিস কপি।

১৪/০৭/২০২২

(ফারজানা আলম)
উপজেলা নির্বাহী অফিসার
সখিপুর, টাঙ্গাইল